

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
গৃহায়ন ভবন  
৮২ সেগুনবাগিচা, ঢাকা।  
www.nha.gov.bd

স্মারক নং ২৫.৩৮.০০০০.৩০২.৩১.০০৮.১৮- ১৩১

তারিখ: ০৪/০২/২০২০ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনাব পরিমল কুমার কুরী, নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ডিভিশনের নির্বাহী প্রকৌশলীর দপ্তরে সংযুক্ত, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর মাধ্যমিক শিক্ষা সনদ যাচাই করে জানা যায় তিনি ১৯৭৯ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর হতে এসএসসি পরীক্ষায় পাস করলেও ১৯৭৭ সালে একই বোর্ডের অধীন মাধ্যমিক পরীক্ষায় অকৃতকার্য হন। তার চাকুরিতে যোগদান, সার্ভিস বুক ও বয়স সংক্রান্ত তথ্যাদি যাচাই করে প্রতিবেদন উপস্থাপনের জন্য গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন হতে জানা যায়, তিনি প্রথমবার ১৯৭৪-৭৫ শিক্ষাবছরে এসএসসি পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করেন যেখানে তার জন্ম তারিখ ৩১/০৩/১৯৬১। প্রথম রেজিস্ট্রেশনের মাধ্যমে অংশগ্রহণকৃত পরীক্ষায় তিনি অকৃতকার্য হওয়ায় পুনরায় পরীক্ষা দেয়ার উদ্দেশ্যে ১৯৭৬-৭৭ শিক্ষাবছরে ৩১/০১/১৯৬৪ এর ভূয়া জন্মতারিখ উল্লেখ করে দ্বিতীয়বার এসএসসি পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করেন। একজন ব্যক্তির দুইটি জন্ম তারিখ হওয়া বাস্তবসম্মত নয় বিধায় তার প্রথম জন্মতারিখ ৩১/০৩/১৯৬১ সঠিক বিবেচনায় তাকে ৩০/০৩/২০২০ খ্রি: তারিখে অবসর প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৪/০২/২০২০  
মো: রাশিদুল ইসলাম  
চেয়ারম্যান  
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ  
ফোনঃ ০২-৯৫৬২৭৬২  
ইমেইলঃ chairman@nha.gov.bd

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সদস্য (প্রশাসন ও অর্থ)/(ভূমি ও সম্পত্তি ব্যবস্থাপনা)/(প্রকৌশল ও সমন্বয়)/(পরিকল্পনা, নকশা ও বিশেষ প্রকল্প), জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম সার্কেল, চট্টগ্রাম/রাজশাহী সার্কেল, রাজশাহী।
- ৩। পরিচালক, প্রশাসন ও অর্থ, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। জনাব পরিমল কুমার কুরী, নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহীতে সংযুক্ত, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
- ৫। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী ডিভিশন, রাজশাহী/সিলেট ডিভিশন, সিলেট।
- ৬। উপ পরিচালক, প্রশাসন ও প্রশিক্ষণ/অর্থ ও হিসাব, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। ব্যক্তিগত নথি/অফিস কপি।